

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১২৭

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

আরবী

127 - عَنْ أَبِي هُرَيْرَةَ (عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ ـ يَعْنِي: اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى ـ: «لَا يَنْبَغِي لِعَبْدٍ لِي (و قَالَ ابْنُ الْمُثَنَّى: لِعَبْدِي) أَنْ يَقُولَ: أَنَا خَيْرٌ مِنْ يُونُسَ بْنِ مَتَّى عَلَيْهِ السَّلَام» . (م, خ)صحيح

বাংলা

১২৭. আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "আল্লাহ তা'আলা বলেছেন: আমার কোন বান্দার জন্য (বর্ণনাকারী ইবনু মুসান্না বলেছেন: আমার বান্দার জন্য) এমন বলা সমীচীন নয়: আমি ইউনুস ইবনু মাত্রা আলাইহিস সালাম থেকে উত্তম[1]"। [বুখারি ও মুসলিম] হাদিসটি সহিহ।

ফুটনোট

[1] অর্থাৎ ইউনুস আলাইহিস সালামের ঘটনা শুনে হয়ত কেউ মনে করতে পারে যে, ইউনুস আলাইহিস সালাম ধৈর্য ধারণ করতে পারেন নি, আমি তার থেকে উত্তম। এ জাতীয় কোনো কথা বলে নিজেকে নিয়ে অহংকার যেন কেউ না করে। কারণ, নবীগণ অন্যান্য সকল মানুষ থেকে উত্তম। তাদের সাথে আর কারও তুলনা চলে না। আর তাদের মান-মর্যাদা নিয়ে প্রশ্ন তোলার তো কোনো সুযোগই নেই। সুতরাং কেউ যেন এটা বলে না বসে যে, সে ইউনুস আলাইহিস সালাম থেকে ভালো। [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন